

ঠিকাদার নিবন্ধনঃ

এই সেবা সম্পর্কে বিস্তারিতঃ

### ক. ঠিকাদার নিবন্ধন সেবার সাধারণ নির্দেশনা-

বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক) দেশি-বিদেশী উদ্যোক্তাদের শিল্পের প্রসারের লক্ষ্যে নিবন্ধন সেবা প্রদান করছে। ঠিকাদার নিবন্ধন সেবাটি চারটি স্তর রয়েছে।

১. ঠিকাদার নিবন্ধন নতুন।

২. ঠিকাদার নিবন্ধন পুনঃনিবন্ধন।

৩. ঠিকাদার নিবন্ধন সংশোধন।

৪. ঠিকাদার নিবন্ধন নবায়ন।

উপরে নতুন নিবন্ধন নির্বাচন করে এই পেইজ হতে উদ্যোক্তাগণ নতুন ঠিকাদার নিবন্ধনের জন্য আবেদন করতে পারবেন।

### খ. প্রয়োজনীয় সংযুক্তি-

নতুন ঠিকাদার নিবন্ধনের জন্য নিম্নোক্ত সংযুক্তি প্রয়োজন হবে। সংযুক্তি গুলো pdf ফরমেটে স্ক্যান করুন। প্রতিটি ফাইলের সাইজ সর্বোচ্চ ২ মেগাবাইট (2mb) হতে হবে।

১. ভ্যাট নিবন্ধন সনদ (BIN)।

২. আর্থিক সাল পর্যন্ত হালনাগাদকৃত ট্রেড লাইসেন্স।

৩. আর্থিক সালের আয়কর প্রত্যয়ন পত্র।

৪. লিমিটেড কোম্পানি হলে মেমোরেন্ডাম অব আর্টিকেল।

৫. জনবল সংক্রান্ত তথ্যাবলী ।

৬. যন্ত্রপাতি সংক্রান্ত তথ্যাবলী ।

৭. জাতীয় পরিচয় পত্র।

৮. ব্যাংক সলভেন্সি (গত ছয় মাসের স্টেটমেন্ট সহ ।

৯. অভিজ্ঞতার তথ্য (যদি থাকে )।

১০. অঙ্গীকারনামা।

### গ. আবেদনপত্রের ফি-

মোট বিনিয়োগের উপর ভিত্তি করে আবেদনপত্রের ফি ক্যালকুলেশন হবে। আবেদনপত্রের বিনিয়োগ ফিল্ডে ডাটা দেওয়ার পর ফি কত হবে তা সিস্টেম ক্যালকুলেট করবে। আবেদনপত্র পূরণ করে শেষ অংশে সাবমিট অপশনে ক্লিক করলে অনলাইন পেমেন্ট গেটওয়ের মাধ্যমে ফি পরিশোধ করতে হবে।

আপনি বিশ্বের যেকোন জায়গা হতে ক্রেডিট কার্ড, বিকাশ/রকেট/মোবাইল ব্যাংকিংয়ের মাধ্যমে অনলাইনে ফি পরিশোধ করতে পারবেন।

#### ঘ. আবেদনপত্রের যাচাই প্রক্রিয়া-

ধাপ-১: আবেদনকারী ওএসএস ফি প্রদান করার পর আবেদনপত্রটি স্বক্রিয়ভাবে নিবন্ধন ফরমে যে কার্যালয় নির্বাচন করা হবে ঐ কার্যালয়ের কারিগরি কর্মকর্তা/ সহকারী প্রকৌশলী (৯ম গ্রেড) বা সমমান কর্মকর্তার নিকট পৌঁছে যাবে।

ধাপ-২: সকল তথ্য সঠিক থাকলে কারিগরি কর্মকর্তা/ সহকারী প্রকৌশলী (৯ম গ্রেড) বা সমমান ব্যক্তির মাধ্যমে নিবন্ধন পত্রটি সুপারিশ হবে। সুপারিশের পর আবেদনপত্রটি স্বক্রিয়ভাবে নির্বাহী প্রকৌশলী / উপ-প্রধান প্রকৌশলী কর্মকর্তার নিকট পৌঁছে যাবে।

ধাপ-৩: সকল তথ্য যাচাই করার পর নিবন্ধন পত্রটি অনুমোদিত হবে। অনুমোদনের পর আবেদনকারী সরকারী ফি পরিশোধ করলে নিবন্ধন সনদটি স্বাক্ষরের জন্য প্রধান প্রকৌশলী কর্মকর্তার নিকট পৌঁছে যাবে।

ধাপ-৪: প্রধান প্রকৌশলী অনুমোদন করলে ইলেকট্রনিকভাবে নিবন্ধন সনদ তৈরি হয়ে আবেদনকারীর ইউজারে ফিরে আসবে। আবেদনকারীর ইউজার হতে নিবন্ধন সনদটি ডাউনলোড করে ব্যবহার করবেন।